

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
পুঠিয়া, রাজশাহী।

স্মারক নং-১৬.০১.৮১৮২.০২১.০১.০৯৯.২১-৫৭৬(৫০),

তারিখ: ১৩/০৭/২০২৩ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

রাজশাহী জেলার পুঠিয়া উপজেলার মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে নিম্নোক্ত পদে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে জনবল নিয়োগের জন্য আহ্বানী প্রার্থীদের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণপূর্বক আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

ক্রম	পদের নাম	পদের সংখ্যা	মাসিক সম্মানী (সর্বসাকুল্যে)	যোগ্যতা
০১	পেশ ইমাম	০১(এক) জন	১৫,০০০/-	(ক) দ্বিতীয় শ্রেণীর কামিল/দাওরায়ে হাদিস পাশ। কোন প্রতিষ্ঠানে খতিব বা মুহাদ্দিস হিসেবে ৫বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (খ) হাফেজে কুরআন ও ইলমে কিরাতে উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্ত হাফেজে কুরআন অধিকার পাবে। (গ) আরবীতে কথা ও উপস্থিত খুৎবা পাঠ এবং ইসলামের উপর গবেষণাধর্মী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
০২	মুয়াজ্জিন	০১(এক) জন	১০,০০০/-	(ক) দ্বিতীয় শ্রেণীর আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান হতে সনদধারী। সংশ্লিষ্ট ক্ষেত্রে মুয়াজ্জিন হিসেবে ০৩বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (খ) হাফেজে কুরআন ও ইলমে কিরাতে উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদধারীদের অধিকার দেয়া হবে।
০৩	খাদেম	০২(দুই) জন	৭,৫০০/-	(ক) দ্বিতীয় শ্রেণীর আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান হতে সনদধারীদের অধিকার দেয়া হবে। (খ) শারীরিক ভাবে সুস্থ ও সক্ষম হতে হবে। (গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে খাদেম হিসেবে ০১ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

শর্তাবলী :

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- আবেদনপত্রে প্রার্থীকে (ক) নাম (খ) পিতার নাম (গ) স্থায়ী ঠিকানা (ঘ) বর্তমান ঠিকানা (ঙ) জন্ম তারিখ (চ) জাতীয়তা (ছ) শিক্ষাগত যোগ্যতা (জ) এন.আই.ডি নং (ঝ) মোবাইল নং ও (ঞ) অভিজ্ঞতা উল্লেখ পূর্বক সাদা কাগজে আবেদন করতে হবে।
- আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সমূহ সংযুক্ত করতে হবে।  
(ক) ইউনিয়ন পরিষদ/ওয়ার্ড কাউন্সিলর(সিটি কর্পোরেশন/পৌরসভার ক্ষেত্রে) কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;  
(খ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন)কপি ছবি;  
(গ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত চারিত্রিক সনদপত্র;  
(ঘ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি;  
(ঙ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি;
- আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসার, পুঠিয়া বরাবর আগামী ৩০ জুলাই/২০২৩ রবিবার অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে/সরাসরি পৌছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিযুক্ত ও বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে। খামের উপরে পদের নাম স্পষ্টভাবে লিখতে হবে।
- বাছাইকৃত প্রার্থীদের পরীক্ষার তারিখ ও সময় পরবর্তীতে অবহিত করা হবে।
- কোন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবে না। একাধিক পদে আবেদন করলে আবেদন বাতিল বলে গণ্য হবে।
- প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।
- কোন তথ্য গোপন করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে বিষয়টি প্রমাণসাপেক্ষে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- যে কোন প্রকার তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।
- নিয়োজিত প্রার্থীগণকে শারীরিক সুস্থতা সম্পর্কে উপযুক্ত প্রমাণপত্র দাখিল করতে হবে।
- আবেদনপত্র গ্রহণ, বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশ পরিবর্তন ও সংশোধনের ক্ষমতা নিয়োগ প্রদানকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩/০৭/২০২৩

(নূরুল হাই মোহাম্মদ আনাছ, বিপিএএ)


উপজেলা নির্বাহী অফিসার  
পুঠিয়া, রাজশাহী।

ফোন- ০২৫৮৮৮৬৮৬২১  
মুঠোফোন: ০১৭৮৬-৭০৮৪৪৪

ই-মেইল: uonputhia@mopa.gov.bd

অনুলিপি: সদয় অবগতির জন্য/ কার্যার্থে প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

- ০১। প্রফেসর ডা. মো: মনসুর রহমান, মাননীয় সংসদ সদস্য-৫৬, রাজশাহী -০৫।
- ০২। সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ০৪। জেলা প্রশাসক, রাজশাহী।
- ০৫। পুলিশ সুপার, রাজশাহী।
- ০৬। পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, বিভাগীয় কার্যালয়, রাজশাহী।
- ০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ পুঠিয়া/চারঘাট/বাঘা/দুর্গাপুর/বাগমারা/পবা/মোহনপুর/তানোর/গোদাগাড়ী, রাজশাহী।
- ০৮। উপজেলা নির্বাহী অফিসার, চারঘাট/বাঘা/দুর্গাপুর/বাগমারা/পবা/মোহনপুর/তানোর/গোদাগাড়ী, রাজশাহী।
- ০৯। মেয়র,.....(সকল) পৌরসভা, ....., রাজশাহী।
- ১০। ..... সকল অফিসার, পুঠিয়া, রাজশাহী(বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য)।
- ১১। সহকারী প্রোগ্রামার, পুঠিয়া, রাজশাহী(বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে <http://puthia.rajshahi.gov.bd>- প্রকাশের অনুরোধসহ)।
- ১২। চেয়ারম্যান পুঠিয়া/বানেশ্বর/জিওপাড়া/ভালুকগাছি/বেলপুকুর/শিলমাড়িয়া, পুঠিয়া, রাজশাহী।
- ১৩। ফিল্ড সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন, পুঠিয়া, রাজশাহী(বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য)।
- ১৪। পোস্ট মাস্টার উপজেলা পোস্ট অফিস, পুঠিয়া, রাজশাহী(বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য)।
- ১৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, পুঠিয়া ভূমি অফিস, পুঠিয়া, রাজশাহী(বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য)।
- ১৬। অফিস নথি/ নোটিশ বোর্ড।



(নূরুল হাই মোহাম্মদ আনাছ, বিপিএএ)  
উপজেলা নির্বাহী অফিসার  
পুঠিয়া, রাজশাহী।

ফোন- ০২৫৮৮৮৬৮৬২১

মুঠোফোন: ০১৭৮৬-৭০৮৪৪৪

ই-মেইল: [uonputhia@mopa.gov.bd](mailto:uonputhia@mopa.gov.bd)

